রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**
**আমদানি ও অভ্যন্তরীণ বাণিজ্য-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩/ ২০ সেপ্টেম্বর ২০২৬

নং **২৬.০০.০০০০.০০০.১১১.২২.০০০১.২৬-৭০**—Imports and Exports (Control) Act, 1950 (Act XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এবং আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ এর অনুচ্ছেদ ২০ ও ২২ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ছ) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে:

বেসরকারি আমদানিকারক কর্তৃক সাধারণ বীমা কর্পোরেশন বা বাংলাদেশি বিমা কোম্পানি অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, বিদেশি বিমা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত কভার নোট এবং সংশ্লিষ্ট বিমা পলিসি পণ্য খালাসের সময় কাস্টমস কর্তৃপক্ষের নিকট ইলেকট্রনিক পদ্ধতিতে অনলাইনে দাখিল করিতে হইবে;

(২) অনুচ্ছেদ ১২ এর উপ-অনুচ্ছেদ (২) এ “প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতি ও পারমিট ছাড়া” শব্দগুলির পর “বিনামূল্যে” শব্দটি সন্নিবেশিত হইবে;

(৩) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ক) এ “অপ্রত্যাহারযোগ্য ঋণপত্র বা চুক্তিপত্র” শব্দগুলির পর “বা টিটি” শব্দটি সন্নিবেশিত হইবে; এবং অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ক) এর শেষে নিম্নবর্ণিত শর্ত সন্নিবেশিত হইবে:

"তবে শর্ত থাকে যে, শুধুমাত্র কৃত্রিম তন্তু দ্বারা তৈরি বিশেষ ধরনের তৈরি পোশাক-যেমন, সীমলেস (সেলাইবিহীন) স্পোর্টসওয়্যার, উচ্চমূল্যের ফ্যাশন আইটেম ও ফাংশনাল পোশাক তৈরিতে ব্যবহৃত বিশেষ ধরনের কাপড় আকৃতি ও সাইজ নির্বিশেষে সংশ্লিষ্ট এসোসিয়েশনের (বিজিএমইএ/বিকেএমইএ) সুপারিশক্রমে আমদানি করা যাইবে।"

(৪) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (২) এর দফা (ক) এ ১ এবং ২ নম্বর ক্রমিকের উপকরণের ধরন কলামে যথাক্রমে "ফেব্রিক্স কটন" ও "ফেব্রিক্স (ম্যান মেইড ফাইবার)" এবং "সিনথেটিক ফেব্রিক্স" এর পর "ও অন্যান্য উপকরণ" শব্দসমূহ সন্নিবেশিত হইবে;

(৫) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (৪) এর শেষে নিম্নরূপ শর্ত সন্নিবেশিত হইবে;

"তবে শর্ত থাকে যে, শুধুমাত্র কৃত্রিম তন্তু দ্বারা তৈরি বিশেষ ধরনের তৈরি পোশাক যেমন, সীমলেস (সেলাইবিহীন) স্পোর্টসওয়্যার, উচ্চমূল্যের ফ্যাশন আইটেম ও ফাংশনাল পোশাক তৈরিতে ব্যবহৃত বিশেষ ধরনের কাপড় আকৃতি ও সাইজ নির্বিশেষে সংশ্লিষ্ট এসোসিয়েশনের (বিজিএমইএ/বিকেএমইএ) সুপারিশক্রমে আমদানি করা যাইবে।"

(৬) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (৬) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে:

"নিশ্চিত ও অপ্রত্যাহারযোগ্য ঋণপত্র বা চুক্তিপত্রের ভিত্তিতে স্পেশালাইজড টেক্সটাইল ও হোসিয়ারি পণ্য রপ্তানির জন্য ব্যাক টু ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্রের বিপরীতে ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) বা ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) মোতাবেক নির্ধারিত পরিমানে কাঁচামাল ও মোড়কসামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে।"

(৭) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১১) এ "উপ-অনুচ্ছেদ ২ এর আলোকে আমদানির" শব্দগুলির পর "পরিবর্তে" শব্দের স্থলে "পরবর্তীতে" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৮) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১১) এর দফা (খ) এ "পরবর্তিতে উপ-অনুচ্ছেদ ১১ এর নির্দেশনার আলোকে" শব্দগুলির পর "একওসি" শব্দের স্থলে "এফওসি" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৯) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১৪) এ "ইউডি'তে উল্লেখিত পরিমান কাঁচামাল" শব্দগুলির পর "সরবরাহ" শব্দের স্থলে "সংগ্রহ" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(১০) অনুচ্ছেদ ৩০ এর উপ-অনুচ্ছেদ (৩৬) এর পর নিম্নরূপ শর্ত সন্নিবেশিত হইবে:

"তবে, বন্ড লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষের অনুমোদিত বার্ষিক প্রাপ্যতা ও প্রকৃত ব্যবহারের ভিত্তিতে লবণ আমদানির পরিমাণ নির্ধারিত হইবে এক্ষেত্রে পোষক কর্তৃপক্ষের সুপারিশ গ্রহণ করিতে হইবে না";

(১১) অনুচ্ছেদ ৩১ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ক) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে;

"সকল অনুমোদিত শিল্প প্রতিষ্ঠান আমদানি নিবন্ধন সনদ ব্যতীত কোনো প্রতিষ্ঠান শিল্প স্থাপনের প্রয়োজনে ক্যাপিটাল মেশিনারিজ আমদানি করিতে পারিবে।"

(১২) অনুচ্ছেদ ৩১ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (গ) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে;

"কোনো শিল্প প্রতিষ্ঠানের ক্যাপিটাল মেশিনারিজসমূহ সচল ও উৎপাদনক্ষম রাখিবার প্রয়োজনে রিপেয়ার ও মেইনটেনেন্সের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে।"

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুব্রত কুমার দে**
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd